**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলাপ্রশাসকের কার্যালয়
বান্দরবান পার্বত্য জেলা
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি শাখা
www.bandarban.gov.bd

**জেলা ইনোভেশন টিম এর জানুয়ারি ২০২৪ মাসের সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | শাহ্ মোজাহিদ উদ্দিন<br>জেলাপ্রশাসক<br>বান্দরবান পার্বত্য জেলা |
| সভার তারিখ | : | ২৮ জানুয়ারি ২০২৪ |
| সময় | : | সকাল ১০:২০ টা |
| সভার স্থান | : | জেলাপ্রশাসকের সম্মেলন কক্ষ |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য |

সভার শুরুতে সভাপতি জেলা ইনোভেশন টিম এর সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা আইসিটি) গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। গত সভার কার্যবিবরণীর কোনো সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অত:পর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | **<u>সভা আয়োজন ও প্রতিবেদন প্রেরণ:</u>**<br>জেলা পর্যায়ে জেলা ইনোভেশন টিমের সভা প্রতিমাসে আয়োজন এবং উপজেলা পর্যায়ে উপজেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী এবং বাস্তবায়ন প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। জেলা ও উপজেলায় ইনোভেশন টিমের সভায় সংশ্লিষ্ট সকলের উপস্থিতি নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা হয়। | ১.১ উপজেলা ইনোভেশন টিম সভা করে **সভার কার্যবিবরণী ও বাস্তবায়ন প্রতিবেদন প্রতিমাসে** এ কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>খ) সহকারী কমিশনার (আইসিটি) |
| | | ১.২ জেলা ও উপজেলায় ইনোভেশন টিমের সভায় সংশ্লিষ্ট সকলের উপস্থিতি নিশ্চিতকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০২. | **জেলা পর্যায়ে গৃহীত উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন ও <u>নতুন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ:</u>**<br>নাগরিক সেবা প্রদানে প্রতিটি দপ্তরকে অন্তত একটি ইনোভেশন উদ্যোগ গ্রহণ করে এ কার্যালয়ে প্রেরণের জন্য সভাপতি মহোদয় অনুরোধ করেন। জেলা প্রশাসকের কার্যালয়ের "অনলাইন স্থায়ী বাসিন্দা সনদ ফেরিফিকেশন' ও বান্দরবান পৌরসভার 'স্মার্ট পৌরকর ব্যবস্থাপনা' এই উদ্ভাবনী উদ্যোগের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী এ কার্যালয় হতে প্রেরিত পত্রের প্রেক্ষিতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বান্দরবান গণপূর্ত বিভাগ, জেলা সঞ্চয় অফিস, জেলা সমবায় অফিস, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, বান্দরবান উপকেন্দ্র; কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জেলা সমাজসেবা কার্যালয় এবং বান্দরবান টেকনিক্যাল স্কুল ও কলেজ, বান্দরবান পার্বত্য জেলা হতে উদ্ভাবনী উদ্যোগের তালিকা প্রেরণ করা হয়। প্রাপ্ত উদ্যোগসমূহ সম্পর্কে অবগত করার জন্য সভাপতি মহোদয় স্ব স্ব দপ্তরকে অনুরোধ করেন। উদ্যোগ সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে সভাপতি | ২.১ জেলাপ্রশাসকের কার্যালয়ের **"অনলাইন স্থায়ী বাসিন্দা সনদ ফেরিফিকেশন'** উদ্যোগটির কার্যক্রম চলমান রাখা ও বান্দরবান পৌরসভার **'স্মার্ট পৌরকর ব্যবস্থাপনা'** এই উদ্ভাবনী উদ্যোগের বিষয়ে বাস্তবসম্মত কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) প্রধান নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পৌরসভা<br><br>খ) সহকারী কমিশনার (আইসিটি) |
| | | ২.২ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর উদ্ভাবনী উদ্যোগ **'অগ্নি সচেতনতায় উদ্ভাসিত হোক স্মার্ট বান্দরবান'** এবং বান্দরবান টেকনিক্যাল স্কুল ও কলেজ এর উদ্ভাবনী উদ্যোগ **'ভূমিকম্প সতর্কীকরণ বর্তনী'** আরো বিশদ ও বাস্তবসম্মতভাবে আগামী সভায় উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বান্দরবান পার্বত্য জেলা<br><br>খ) অধ্যক্ষ, বান্দরবান টেকনিক্যাল স্কুল ও কলেজ |

| | | | |
|---|---|---|---|
| | মহোদয় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এবং বান্দরবান টেকনিক্যাল স্কুল ও কলেজ এর উদ্ভাবনী উদ্যোগগুলোর সম্পর্কে সুস্পষ্ট ও বিস্তারিত প্রতিবেদন **(পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনসহ)** আগামী সভায় উপস্থাপন করতে সংশ্লিষ্টদের অনুরোধ করেন। | | |
| ০৩. | **উদ্ভাবনী উদ্যোগ সরেজমিনে পরিদর্শন:** জেলা সমাজসেবা কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলার উদ্ভাবনী উদ্যোগটি সরেজমিনে পরিদর্শনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৩.১ জেলা সমাজসেবা কার্যালয়ের **'দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের ব্রেইল পদ্ধতিতে শিক্ষা কার্যক্রম ও ই-লার্নিং সিস্টেম'** উদ্ভাবনী উদ্যোগটি সরেজমিনে পরিদর্শনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়<br>খ) উপজেলা নির্বাহী অফিসার, বান্দরবান সদর উপজেলা<br>গ) জেলা ইনোভেশন টিমের সকল সদস্য |
| ০৪. | **উপজেলা পর্যায় হতে উদ্ভাবনী উদ্যোগ প্রেরণ:** উপজেলা পর্যায়ে ইনোভেশন কার্যক্রম অব্যহত রাখার জন্য সভাপতি মহোদয় সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। প্রতিটি উপজেলা হতে উদ্ভাবনী উদ্যোগ প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ৪.১ উপজেলা পর্যায়ে ইনোভেশন টিমের সভা করে প্রতিটি উপজেলা হতে **ন্যুনতম ০১টি উদ্ভাবনী উদ্যোগ** গ্রহণপূর্বক এ কার্যালয়ে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ০৫. | **নতুন উদ্ভাবনী ধারণা প্রণয়ন ও উদ্ভাবনী উদ্যোগের অগ্রগতি বিষয়ক পত্র প্রেরণ:** বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী জেলা পর্যায়ে সকল দপ্তর ও সংস্থাকে নতুন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ ও তার অগ্রগতি বিষয়ক পত্র প্রেরণ করে উল্লেখযোগ্য উদ্ভাবনী উদ্যোগের তালিকা না পাওয়ায় পুনরায় সকল দপ্তরকে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | ৫.১ জেলা পর্যায়ে সকল দপ্তর ও সংস্থাকে উদ্ভাবনী উদ্যোগের অগ্রগতি বিষয়ক পত্র পুনরায় প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সহকারী কমিশনার (আইসিটি) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/০১/২০২৪

শাহ্ মোজাহিদ উদ্দিন
জেলাপ্রশাসক
বান্দরবান পার্বত্য জেলা
ফোন: ০২৩৩৩৩০২১০১
ই-মেইল: dcbandarban@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.০৩০০.২০৮.০১.০০২.২৪.১১

তারিখ: ১৪ মাঘ ১৪৩০ / ২৮ জানুয়ারি ২০২৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি), বান্দরবান পার্বত্য জেলা
০২. উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা
০৩. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বান্দরবান পার্বত্য জেলা
০৪. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, বান্দরবান পার্বত্য জেলা
০৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা
০৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বান্দরবান পার্বত্য জেলা

০৭. সহকারী কমিশনার (আইসিটি), জেলাপ্রশাসকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা
০৮. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা

০৯. ........................................................................

........................................................................

বান্দরবান পার্বত্য জেলা

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**
০১. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম

২৮/০৩/২০২৪

**শাহ্ মোজাহিদ উদ্দিন**
জেলাপ্রশাসক